



Bodystretch Bangladesh Ltd.

(বাধ্যতামূলক বা বলপূর্বক শ্রমনীতি)

ANTI FORCED LABOR POLICY

১. সূচনা (Introduction) :

বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিশ্বাস করে যে প্রতিষ্ঠানের সকল স্তরের শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তাগণ স্বাধীন। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রত্যেকের ব্যক্তি স্বাধীনতায় বিশ্বাস করে। উৎপাদনের সকল স্তরে বল প্রয়োগ শ্রম সম্পূর্ণ নিষিদ্ধ। এই নীতিমালা বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ সংশ্লিষ্ট সকল কর্মস্থলে বা পন্য উৎপাদন এলাকার জন্য এবং ভবিষ্যতে যদি বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ ব্যবস্থাপনায় নতুন কোন প্রতিষ্ঠান গঠিত হয় তাহলে সেই প্রতিষ্ঠানেও সমভাবে প্রযোজ্য হবে।

২. নীতিমালা প্রনয়ণের উদ্দেশ্যে (Objectives of the policy) :

বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ কখনও কারও ইচ্ছার বিরুদ্ধে কোন প্রকার কাজে নিয়োগ, বাধ্যতামূলক শ্রম ও বলপ্রয়োগ করে অতিরিক্ত কাজে উৎসাহিত করে না। এছাড়া এ প্রতিষ্ঠান কোন প্রকার দাসত্ববোধ বা বন্দীমূলক শ্রম হইতে সম্পূর্ণ মুক্ত। শ্রমিক কর্মচারীদের সর্বোচ্চ প্রয়োজনীয় স্বাধীনতা প্রদানে এই প্রতিষ্ঠান বদ্ধপরিকর এবং ইহা বাস্তবায়ন করা এই নীতির উদ্দেশ্য।

৩. লক্ষ্য (Aim of the policy) : শ্রমিক কর্মচারীদের মানবাধিকার প্রতিষ্ঠা ও স্বাধীন চেতনা বোধের প্রতি সর্বোচ্চ সম্মান প্রদর্শনের মাধ্যমে হয়রানি উৎপীড়ন মুক্ত ও সেচ্ছাধীন পরিবেশ সৃষ্টির মাধ্যমে প্রতিষ্ঠানের অর্থনৈতিক উন্নয়ন সাধন এই নীতির প্রধান লক্ষ্য।

৪. (অঙ্গীকার) Commitment :

বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ নারী-পুরুষ নির্বিশেষে সকল শ্রমিকদের মৌলিক অধিকারের প্রতি শ্রদ্ধাশীল। তাই অত্র কারখানায় বাধ্যতামূলক বা জোরপূর্বক কাজ করানো সম্পূর্ণ নিষিদ্ধ। শাস্তির ভয় দেখিয়ে বা কারো ইচ্ছার বিরুদ্ধে বা কোন প্রকার জামানত ও পাওনাদি হাতে রেখে কোন শ্রমিকের নিকট হইতে জোরপূর্বক শ্রম আদায় করা হয় না। কারখানায় নিয়োজিত কোন শ্রমিক এ জাতীয় কোন সমস্যার সম্মুখীন হলে কারখানা ঘোষিত অভিযোগ পদ্ধতির মাধ্যমে কর্তৃপক্ষ বরাবর তাদের অভিযোগ পেশ করার পরামর্শ দেওয়া হয়। এ ধরনের কোন অভিযোগ সত্য প্রমানিত হলে কর্তৃপক্ষ অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিয়া থাকেন।

বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ এর কর্তৃপক্ষ নিশ্চয়তা প্রদান করেন যে, বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ কোন প্রকার কোন শ্রমিক/কর্মচারীর উপর অত্যাচার, অবিচার, জোর পূর্বক কাজ করানো এবং তার অধিকার ফুন্স করে, এরূপ কোন আচরণ করা হয়না। এখানে প্রত্যেকে তার নিজ নিজ অধিকার নিয়ে কথা বলা এবং স্ব-সামর্থ অনুযায়ী মুক্তভাবে কাজ করার সুযোগ পায়।

নিম্ন লিখিত কাজ গুলো বাধ্যতামূলক শ্রম হিসাবে গণ্য হবে

প্রস্তুতকারী	বাস্তবায়ন তারিখ	নবায়নের তারিখ	অনুমোদনকারীর নাম ও পদবী	অনুমোদনকারীর স্বাক্ষর
কম্পিউটার বিভাগ	১-জুলাই-২০১৩	১৭-নভেম্বর-২০১৬	দারভেজ চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক	

Head Office : Suite # 5-A (5th floor), Plot # 30, Sonargaon Janapath Road, Sector# 11, Uttara, Dhaka-1230, Bangladesh.
Tel : +8802-7914412, +8802-8991729, Fax : +8802-8991029
Factory : Plot # 80, Tengury, Zirani Bazar, P.O : BKSP, P.S. Ashulia, Savar, Dhaka, Bangladesh
E-mail : bangladesh@bodystretch.com http://www.bodystretch.com

